গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৯ ডিসেম্বর ২০২০ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | Zoom Application এর ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | Zoom Application এর ভিডিও কনফারেন্স এর উপস্থিতি |

সভাপতি উপস্থিতসকলকে স্বাগতজানিয়েসভা শুরু করেন। সভায় গত ২৭ অক্টোবর, ২০২০ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী পাঠান্তে সভার তারিখ ২৭ সেপ্টেম্বর পরিবর্তনক্রমে ২৭ অক্টোবর সংশোধনের প্রস্তাব গ্রহণ করা হয় এবং আর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উক্ত সংশোধনীসহ তা দৃঢ় করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:**<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন<br>এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্য হতে ১৮টি দপ্তরের তথ্য পাওয়া গেছে। যে সকল দপ্তর থেকে তথ্য পাওয়া যায়নি সে সকল দপ্তরে তাগিদপত্র প্রেরণের জন্য<br>মতামত প্রকাশ করা হয়। সভায় জেলা ও উপজেলা পর্যায়ে কমিটির সভা অনুষ্ঠানের বিষয় আলোচিত হয়। জেলা কমিটির সভাপতিগণ জানান জেলা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা পর্যায়ের সভা অনুষ্ঠান তদারকি করার জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং এ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য বিভাগীয় দপ্তর সমূহকে পুনরায় পত্র দিতে হবে।<br>(খ) জেলা ও উপজেলা পর্যায়ে বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা কমিটির সভাপতিগণকে পত্র দিতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>(খ) জেলা প্রশাসক, সকল |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয় অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় জানানো হয় যে, বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ১৮টি দপ্তরের তথ্য পাওয়া গেছে। তন্মধ্যে ০৭ টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) বিভাগীয় দপ্তরসমূহের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

| | | |
|---|---|---|
| <u>০৩. তথ্য অধিকার বিষয়ক পুরস্কার:</u><br>সভায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস,২০২০ উপলক্ষ্যে বিভাগীয় কার্যালয় ক্যাটাগরীতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট প্রথম স্থান অর্জন করায় প্রাপ্ত পুরস্কারের অর্থ ব্যয়ের লক্ষ্যে ০৫ সদস্য বিশিষ্ট একটি উপকমিটি গঠন করা হয়। গঠিত উপকমিটির সভা ০৯.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত হয় এবং গৃহীত সুপারিশসমূহ সভায় উপস্থাপন করা হয়। গঠিত উপকমিটি তিনটি কার্যক্রম গ্রহণের সুপারিশ করে যথা<br>১. স্কুল পর্যায়ে ভার্চুয়াল বিতর্ক প্রতিযোগিতা আয়োজন,<br>২. তথ্য অধিকার বিষয়ক যোগাযোগ উপকরণ তৈরি এবং<br>৩. তথ্য অধিকার বিষয়ক জন অবহিতকরণ সভা (ভার্চুয়াল) আয়োজন।<br>সভায় উপকমিটির সুপারিশ বিস্তারিত আলোচনা করা হয়। স্কুল পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতা উপজেলা পর্যায় থেকে অনুষ্ঠানের বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়। | উপকমিটি কর্তৃক উপস্থাপিত বিষয়সমূহ সভায় আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:<br><u>**১. স্কুল পর্যায়ে ভার্চুয়াল বিতর্ক প্রতিযোগিতা আয়োজন:**</u><br>ক. উপজেলা/জেলা সদরের মাধ্যমিক বিদ্যালয়সমূহ অংশগ্রহণ করবে।<br>খ. প্রতি দলে ৩জন প্রতিযোগী থাকবে।<br>গ.বিতর্ক প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী ৩১ জানুয়ারির মধ্যে, জেলা পর্যায়ে ২১শে ফেব্রুয়ারির মধ্যে এবং বিভাগীয় পর্যায়ে ১৭ মার্চের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>ঘ. উপজেলা পর্যায়ে বাছাইকৃত ০১ টি টিম জেলা পর্যায়ে এবং জেলা পর্যায়ে বাছাইকৃত ০১টি টিম বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণ করবে।<br>ঙ. বিতর্ক প্রতিযোগিতা ভার্চুয়াল অনুষ্ঠিত হবে। তবে আয়োজনকারী কর্তৃপক্ষ উক্ত প্রতিযোগিতা স্বাস্থ্যবিধি প্রতিপালন করে সরাসরি আয়োজনেরও ব্যবস্থা গ্রহণ করতে পারে।<br>চ. প্রতিযোগিতা আয়োজনের জন্য উপজেলা পর্যায়ে ইউএনও আহ্বায়ক, মাধ্যমিক শিক্ষা অফিসার সদস্য-সচিব এবং জেলা পর্যায়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন)/(সার্বিক) আহ্বায়ক ও জেলা শিক্ষা অফিসার সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন। বিভাগীয় পর্যায়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)-আহ্বায়ক এবং উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন।<br>ছ. আহ্বায়ক ও সদস্য-সচিব আলোচনাক্রমে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>জেলা পর্যায়ের কমিটি উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন নিশ্চিত করবে।<br>প্রস্তাবিত বাজেট: জেলা প্রতি ৩০০০ টাকা এবং বিভাগীয় পর্যায়ে ৩০০০ মোট ১৫০০০ টাকা।<br><u>**২. তথ্য অধিকার বিষয়ক যোগাযোগ উপকরণ তৈরিঃ**</u><br>সর্বসাধারণের সচেতনতা বৃদ্ধির জন্য তথ্য অধিকার বিষয়ক যোগাযোগ উপকরণ যেমন স্টিকার/লিফলেট প্রস্তুতকরণ ও বিতরণ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>প্রস্তাবিত বাজেট : ৫০০০ (পাঁচ হাজার) টাকা।<br><u>**৩. তথ্য অধিকার বিষয়ক জন অবহিতকরণ সভা (ভার্চুয়াল):**</u><br>জানুয়ারি ২০২১ মাসের মধ্যে সুবিধাজনক সময়ে তথ্য অধিকার আইন ও এর প্রয়োগ বিষয়ে জনঅবহিতকরণ সভার আয়োজন করতে হবে।<br>বাজেট: নিষ্প্রয়োজন। | সংশ্লিষ্ট কমিটি<br><br>২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট। |

| | | |
|---|---|---|
| **০৪. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:**<br>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। এ বিষয়ে আলোচনায় জনাব এমাদ উল্যা শাহীন জানান, কোন কোন অফিস এখনো তাদের ওয়েবসাইটে তথ্য অধিকার সংক্রান্ত বিষয় আপলোড করেনি, যা- একটি সংস্থা জরীপ করে ইতোমধ্যে একটি রিপোর্ট করেছে। | ক. তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়।<br>খ. যে সকল অফিস এখনো তাদের ওয়েবসাইটে তথ্য অধিকার সংক্রান্ত বিষয় আপলোড/ হালনাগাদ করেনি তার তালিকা আগামী সভায় উপস্থাপন করার লক্ষ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল<br><br>জনাব এমাদ উল্যা শাহীন, সদস্য, বিভাগীয় কমিটি |
| **০৫. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ :**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২-এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে উল্লেখ থাকায় সকল দপ্তরে গৃহীত প্রকল্পের নাম, মেয়াদ, উপকারভোগীদের তালিকাসহ তফসিলে উল্লেখিত তথ্যসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নোটিস বোর্ডে এবং ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অলোচনা করা হয়। | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০৬. তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে তথ্য প্রেরণ:**<br>তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে বিভাগীয় পর্যায়ের সকল অফিসের তথ্য অধিকার বিষয়ক<br><br>সমন্বিত তথ্যাদি ছক মোতাবেক তথ্য কমিশনে প্রেরণের বিষয়ে সভায় অলোচনা করা হয়। | সকল বিভাগীয় দপ্তর হতে তথ্য কমিশনের ছক মোতাবেক তথ্যাদি প্রেরণ করতে হবে। বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

৩।সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.২০

তারিখ: ২১ পৌষ ১৪২৭
০৫ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার